

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প
পরিবহন পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০।
ওয়েব সাইট: <http://br.lgd.gov.bd>
ইমেইল: onlinebris@gmail.com

জন্ম-মৃত্যু নিবন্ধনে থাকলে সচেতল
সহজ হবে সেবা গ্রহণ এবং উন্নয়ন

স্মারক নং: স্বাসবি/ জমনিপ্র/ প্রপকা/ পাসওয়ার্ড সংক্রান্ত-৩৫/২০১৪-১১৮

তারিখ: ১০-১২-১৪২০
২৪-০৩-২০১৪

বিষয়: **ইউনিয়ন পরিষদ সচিবদের পাসওয়ার্ড উদ্যোক্তাদের দেওয়া প্রসঙ্গে।**

রংপুর জেলার জনৈক ইউনিয়ন পরিষদ সচিবের প্রেরিত ই-মেইল বার্তা হতে জানা গেছে যে, জেলার ইউনিয়ন পরিষদ সচিবগণের ত্রৈমাসিক সমন্বয় সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এর মৌখিক নির্দেশে ইউনিয়ন সচিবগণ তাদের পাসওয়ার্ড উদ্যোক্তাদের নিকট হস্তান্তর করতে বাধ্য হন।

ইউনিয়নসমূহে ইউনিয়ন সচিবগণ একমাত্র সরকারী কর্মচারী। জন্ম ও মৃত্যু নিবন্ধনের কার্যক্রমের জন্য Authorized Person বিধায় তাঁদের অনুকূলে কিছু সুনির্দিষ্ট দায়িত্ব অর্পণ করা আছে, যেমন- নতুন জন্ম নিবন্ধন, পুরাতন জন্ম তথ্য কম্পিউটার এ অন্তর্ভুক্তকরণ, যে কোন জন্ম নিবন্ধনের তথ্য সংশোধন ও জন্ম নিবন্ধন সনদ প্রদান। অপরদিকে ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রে কর্মরত উদ্যোক্তাদের 'ডাটা এন্ট্রি অপারেটর' এর দায়িত্ব অর্পণ করা হয়েছে, যে দায়িত্ব অনুযায়ী তারা পুরাতন ডাটা অনলাইন এ অন্তর্ভুক্ত এবং নতুন জন্ম নিবন্ধনের জন্য "জন্ম তথ্য প্রদান" এর মাধ্যমে অনলাইনে তথ্য দাখিল করতে পারবেন।

ইউনিয়নের সচিবদের পাসওয়ার্ড উদ্যোক্তাদের দেওয়ার সিদ্ধান্তটি কোন ভাবেই গ্রহণযোগ্য নয়। সচিব এবং উদ্যোক্তা যার যার নিজের উপর অর্পিত সকল দায়িত্ব পালন করবেন। কোন ইউনিয়ন পরিষদ সচিব কম্পিউটার পরিচালনায় অক্ষম হলে এটি তাঁর ব্যক্তিগত অযোগ্যতা। কোন কম্পিউটার জ্ঞানবিহীন সচিবকে বর্তমান তথ্য প্রযুক্তির যুগে কোন ভাবেই কাজের উপযুক্ত বলে বিবেচনা করা যায় না। যে সকল ইউনিয়ন সচিবের কম্পিউটার জ্ঞান নেই তাঁদের কম্পিউটার প্রশিক্ষণের জন্য গত ০৪/১২/২০১২ তারিখে স্থানীয় সরকার বিভাগে স্বাসবি/ইপ/জ:মু:নি/বিবিধ-১/২০০৮/৪৫৭ একটি পত্র জারী করা হয়। আশা করা যায় ঐ চিঠির পরে সকল ইউনিয়ন পরিষদ সচিব কম্পিউটার প্রশিক্ষণ গ্রহণ করেছেন। এর পরও যে সকল ইউনিয়ন পরিষদ সচিব কম্পিউটার জ্ঞান অর্জন করতে ব্যর্থ হয়েছেন তাঁদের চাকুরীতে থাকার বিষয়টি বিবেচনা করার সময় এসেছে।

ইউনিয়ন পরিষদ সচিবের কাজের ব্যাপকতা বিবেচনা করে উদ্যোক্তাদের সচল করার স্বার্থে নতুন জন্ম নিবন্ধনের জন্য উদ্যোক্তাগণকে "জন্ম তথ্য প্রদান" এর মাধ্যমে জন্মনিবন্ধন তথ্য দাখিল করার নির্দেশ দেয়া যেতে পারে। ইউনিয়ন পরিষদ সচিবগণ দাখিলকৃত তথ্য সংরক্ষণের মাধ্যমে জন্ম তথ্য নিবন্ধন করবেন ও সনদ প্রদান করবেন। এর মাধ্যমে উদ্যোক্তা ও সচিব নিজ নিজ দায়িত্ব যথাযথ ভাবে পালন করতে পারবেন।


জন্ম নিবন্ধন ডাটার শুদ্ধতা বজায় রাখার জন্য যে কোন স্তরের ব্যবহারকারীর পাসওয়ার্ড নির্দিষ্ট ব্যক্তি ছাড়া অন্য কারও নিকট হস্তান্তর হতে বিরত থাকার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

কার্যার্থে:

জেলা প্রশাসক, রংপুর।

জ্ঞাতার্থে:

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৩। প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক (সকল)।



(আ.ক.ম.সাইফুল ইসলাম চৌধুরী)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)।

☎ ৯৫৫৬৬০৬

☎ ৯৫৫২৩৮১

☎ ০১৭১৬ ২০৬৫৫৭